

জিনজিরা পিএম পাইলট স্কুল অ্যান্ড কলেজ

**ফরম ফিলআপের অতিরিক্ত
ফি ফেরতের দাবিতে
ছাত্রদের বিক্ষোভ**

■ **কেরানীগঞ্জ (ঢাকা) প্রতিনিধি**

ফরম ফিলআপের অতিরিক্ত ফি ফেরত দেওয়ার দাবিতে গতকাল রোববার কেরানীগঞ্জের জিনজিরা পিএম পাইলট স্কুল অ্যান্ড কলেজের এসএসসি পরীক্ষার্থীরা বিদ্যালয় প্রাঙ্গণে দফায় দফায় বিক্ষোভ মিছিল করেছে। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা জিনজিরা হাফেজ রোডে অবরোধ সৃষ্টি করে। এক পর্যায়ে উত্তেজিত শিক্ষার্থীদের স্কুল ভবনে ইট-পাটেকল নিক্ষেপ করতে দেখা গেছে। প্রধান শিক্ষক শিক্ষার্থীদের অতিরিক্ত ফি ফেরত দেওয়ার আশ্বাস দিলে পরিস্থিতি শান্ত হয়।

একাধিক শিক্ষার্থী অভিযোগ করেছে, ফরম ফিলআপ ফি বাবদ বোর্ড নির্ধারিত টাকার বাইরেও প্রতিটি শিক্ষার্থীর কাছ থেকে বিদ্যালয় কর্তৃপক্ষ অতিরিক্ত ২-৩ হাজার টাকা পর্যন্ত বেশি আদায় করেছে। কেন্দ্র ফি, উন্নয়ন ফি, সেশন ফি, কোচিং ফি ও মডেল টেস্টের নামে এসব টাকা নেওয়া হয়। বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে অতিরিক্ত ওই টাকা ফেরত দেওয়ার জন্য শিক্ষার্থীরা আবেদন করে আসছিল।

জিনজিরা পিএম পাইলট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ড. মোহাম্মদ আবু বকর বলেন, বোর্ড নির্ধারিত ফিসহ আনুষ্ঠানিক খরচ বাবদ প্রতিটি ছাত্রের কাছ থেকে ৪ হাজার ৭০০ টাকা নেওয়া হয়েছে। যেখানে কেন্দ্র ফি, উন্নয়ন ফি, সেশন ফি, কোচিং ফি ও মডেল টেস্ট ফিও রয়েছে। কোনো ছাত্রের সঙ্গে দুর্ভাবহার করা হয়নি। কেরানীগঞ্জ উপজেলা শিক্ষা কর্মকর্তা ফিরোজা বেগম জানান, বোর্ড নির্ধারিত ফির বাইরে নেওয়া টাকা ফেরত দেওয়ার জন্য এরই মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়গুলোকে নির্দেশ দেওয়া হয়েছে। যদি কোনো বিদ্যালয়ে এর ব্যতিক্রম ঘটে থাকে তবে প্রমাণ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।